

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১০০০।

নং ১৫.৫৩.০০০০.০১২.০৩১.৫২৬.১৭- ৪৫৫

তারিখ : ৪/৪/১৭

প্রাপক : সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

বিষয় : জনাব মোঃ মোফাজ্জল হোসেন, স্টেশন প্রকৌশলী, পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার ৫৯ (উনষাট) বৎসর পূর্তিতে অবসর উত্তর (পি আর এল) ছুটিসহ ১৮(আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প গ্র্যান্ট মঞ্জুরী সংক্রান্ত।

মহোদয়,

জনাব মোঃ মোফাজ্জল হোসেন, স্টেশন প্রকৌশলী, পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার জন্ম তারিখ ০১/০৫/১৯৫৮ খ্রিঃ। সে অনুযায়ী আগামি ৩০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে তাঁর ৫৯(উনষাট) বৎসর পূর্ণ হবে। বিধায় তিনি অবসর উত্তর ছুটি (পি আর এল) সহ ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প এমআইউটি গ্র্যান্ট মঞ্জুরী চেয়ে আবেদন করেছেন (কপি সংযুক্ত)। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর কর্তৃক প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদপত্র অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটির হিসাবে ২ বৎসর ২ মাস ১৩ দিন গড় বেতনে এবং ২ বৎসর ৯ মাস অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছেন। তিনি অনলাইনে প্রাপ্ত মূল বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী ৬০,৮৪০/- (ষাট হাজার আটশত চল্লিশ) টাকা মূল বেতনে ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প গ্র্যান্ট মঞ্জুরী চেয়ে আবেদন করেছেন।

২। এমতাবস্থায় গণ কর্মচারী (অবসর আইন ১৯৭৪ এর ৪ ধারা এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের প্রবিধি-১, শাখার অম/অবি/প্রবি-১/চা:বি:৩/২০১০(অংশ-৩) /৬২ নম্বর প্রজ্ঞাপনের ৪ এ ধারা এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০(২) ধারা মোতাবেক জনাব মোঃ মোফাজ্জল হোসেন, স্টেশন প্রকৌশলী-কে ৩০-০৪-২০১৭ তারিখ হতে অবসর প্রদান করতঃ ০১-০৫-২০১৭ তারিখ থেকে ৩০-০৪-২০১৮ তারিখ পর্যন্ত ১(এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর (পি আর এল) ছুটি সহ ১৮(আঠার) মাসের ছুটির পরিবর্তে ৬০,৮৪০/- (ষাট হাজার আটশত চল্লিশ) টাকা মূল বেতনে = $(৬০,৮৪০ \times ১৮) = ১০,৯৫,১২০/-$ (দশ লক্ষ পঁচানব্বই হাজার একশত বিশ) টাকা মাত্র লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর অনুরোধ জানিয়ে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি এর সঙ্গে প্রেরণ করা হলো।

১।	কর্মকর্তার মূল আবেদন	:	১ (এক) কপি
২।	ছুটি প্রাপ্যতার সনদপত্রের মূল কপি	:	১ (এক) কপি
৩।	এস,এস, সি সনদ (সত্যায়িত কপি)	:	১ (এক) কপি
৪।	কোর্ট কেইস /বিভাগীয় মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র	:	১ (এক) কপি
৫।	জাতীয় পরিচয় পত্রের ছায়ািলিপি	:	১ (এক) কপি
৬।	অনলাইনে প্রাপ্ত মূল বেতনের প্রত্যয়ন পত্র	:	১ (এক) কপি
৭।	১ম নিয়োগ আদেশ ও কাজেযোগদানের স্বপক্ষে চাকুরি বইয়ের ০৩ - ০৬ পাতার সত্যায়িত কপি	:	১ (প্রস্থ)

আপনার অনুগত

সংযুক্ত : যথাবর্ণিত।

স্বাক্ষর

শাহজাদী আঞ্জুমান আরা
অতিরিক্ত সচিব (সম্প্রচার)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
টেলিফোন : ৯৬০০০৩